সংবাদ
তারিখ ...SEP 23 2006
পৃষ্ঠা ৮ কলাম ৬

১৮৮ শিক্ষা প্রতিষ্ঠানের অর্ধকোটি টাকা লুটপাট

জেলা বার্তা পরিবেশক, লক্ষ্মীপুর

শিক্ষা মন্ত্রণালয় থেকে গত ৫ বছরে জেলার শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবরেটরি যন্ত্রপাতি ক্রয়ে বরাদ্দকৃত অর্ধকোটি টাকা সংশ্লিষ্ট কমিটির কর্মকর্তা, ক্ষমতাসীন দলের নেতা ও নিজ নিজ প্রতিষ্ঠান প্রধান মিলে লুটপাট করেছে বলে অভিযোগ উঠেছে।

জানা গেছে, গত ৫ বছরে জেলা সদরসহ ৪টি উপজেলায় মোট ১৮৮টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে কলেজ, উচ্চবিদ্যালয় ও মাদ্রাসায় শিক্ষা উপকরণ, ল্যাবরেটরি যন্ত্রপাতি ক্রয়ের জন্য সদর উপজেলায় ৮২টি শিক্ষা প্রতিষ্ঠানে ২২ লাখ ৩৫ হাজার, রায়পুরে ২৩টি শিক্ষা প্রতিষ্ঠানে ৫ লাখ ৯৫ হাজার, রামগঞ্জে ৪১টি শিক্ষা প্রতিষ্ঠানে ১০ লাখ ৭৫ হাজার এবং রামগতিতে ৪২টি শিক্ষা প্রতিষ্ঠানে ১১ লাখ ২০ হাজার টাকাসহ মোট ৫০ লাখ ২৫ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়। মন্ত্রণালয়ের সিদ্ধান্তে উপজেলা নির্বাহী অফিসার সভাপতি ও উপজেলা প্রকল্প কর্মকর্তা উপবৃত্তিকে সদস্য সচিব করে ৫ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করার আদেশ দেয়া হয়। কমিটির সদস্য সচিবকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান শিক্ষকদের মতামতের ভিত্তিতে ল্যাবরেটরি যন্ত্রপাতি বা সামগ্রী ক্রয় করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে রেজিস্ট্রারে লিপিবদ্ধ করে মালপত্র বুঝিয়ে দেয়ার নির্দেশ রয়েছে। প্রতিটি প্রতিষ্ঠানে ৪০ হাজার থেকে নিম্নে ২৫ হাজার টাকা করে বরাদ্দ দেয়া হয়। সদস্য সচিবকে মালপত্র বন্টনের পর ব্যয়ের হিসাব জেলা শিক্ষা অফিসে জমা দেয়ার কথা।

জেলা শিক্ষা অফিসের একটি ঘনিষ্ঠ সূত্রে জানা গেছে, গত ৫ বছরের মধ্যে প্রতি অর্থবছরে বরাদ্দের পরিমাণ ছিল বেশি। কমিটির সদস্য সচিব উপজেলা প্রকল্প কর্মকর্তা উপবৃত্তি সরকারের আদেশের প্রতি তোয়াক্কা না করে জুন ক্লোজিংয়ে নিজ নিজ প্রতিষ্ঠানের টাকা জেলা-উপজেলা হিসাবরক্ষণ অফিস থেকে উত্তোলন করে একইভাবে ৪টি উপজেলায় শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষমতাসীন দলের নেতা ও নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানদের দিয়ে মালপত্র ক্রয়ের ভুয়া বিল ভাউচার সংগ্রহ করে ল্যাবরেটরির মালপত্র রেজিস্টারে বুঝে নিয়ে পুরো টাকা ভাগবাটোয়ারা করে আত্মসাৎ করে। ফলে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবরেটরি যন্ত্রপাতি সরবরাহ করা হয়নি। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকটি স্কুলের শিক্ষক জানান, তদন্ত হলে সঠিক প্রমাণ পাওয়া যাবে।

এ ব্যাপারে লক্ষ্মীপুরের কমিটির সদস্য সচিব উপজেলা প্রকল্প কর্মকর্তা আতাউর রহমান, রায়পুরের আলী আশ্রাফ খান, রামগঞ্জের কামাল হোসেন ও রামগতির সাদেক হোসেনের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করে গত অর্থবছরে উপকরণ সরবরাহের বরাদ্দ ও প্রতিষ্ঠানের তালিকা জানতে চাওয়া হলে তারা তথ্য দিতে অপারগতা জানিয়ে কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসারের সঙ্গে যোগাযোগ করতে বলেন। সদরের সদস্য সচিব উপজেলা প্রকল্প কর্মকর্তা আতাউর রহমানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি *সংবাদকে* বলেন, তিনি কোন তথ্য দিতে পারবেন না। টিএনও কমিটির সভাপতি, তিনি তথ্য দেবেন বলে পুরো ঘটনা এড়িয়ে যান।

ছুটি ভোগ করতে দেশে আসা শিক্ষা মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানান, এ সরকার শিক্ষা ক্ষেত্রে প্রচুর অর্থ বরাদ্দ দিয়ে লুটপাটের সুযোগ করে দিয়েছে। এ অবস্থায় দাতা সংস্থা এডিবি, বিশ্বব্যাংক, আইএমএফ ক্ষোভ প্রকাশ করেছে। তারা সব বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যমান অনিয়ম, দুর্নীতি ও অব্যবস্থাপনা চিহ্নিত করতে ইন্সপেকশন বডি নামে ৪টি পরিদর্শন টিম গঠন করেছে। এ নির্দেশনার আলোকে কুমিল্লা শিক্ষা বোর্ড ইনডিপেনডেন্ট ইন্সপেকশন বডি (আইআইবি) নিয়োগের জন্য চার্টার্ড একাউনটান্ট প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে দরপত্র আহ্বান করে। দরপত্র মোতাবেক ঢাকার দেলোয়ার হোসেন অ্যান্ড কোম্পানি লিমিটেডকে নিয়োগ দেয়ার পর গত বছর থেকে কুমিল্লা শিক্ষা বোর্ডের আওতায় ৫টি জেলার মধ্যে কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষ্মীপুর, নোয়াখালী ও ফেনী জেলার ২ হাজার স্কুল-কলেজে বিদ্যমান অনিয়ম, দুর্নীতি, অব্যবস্থাপনা, সমস্যা ও সম্ভাবনাসমূহ সরজমিনে চিহ্নিত করে কুমিল্লা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের কাছে চলতি আগস্ট মাসে রিপোর্ট দাখিল করতে বলা হয়েছে। আইআইবি মনিটরিং কমিটির পরিদর্শক পদাধিকার বলে সদস্য সচিব ঢাকা তিতুমীর কলেজের প্রফেসর ড. শাহজালাল উপদেষ্টার দায়িত্বে রয়েছেন। কুমিল্লা শিক্ষা বোর্ড আইআইবির রিপোর্টে চিহ্নিত সব শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যমান অনিয়ম, দুর্নীতি এবং অব্যবস্থাপনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে বলে জানা গেছে।

লক্ষ্মীপুর

গত ৫ বছরে জেলা সদরসহ ৪টি উপজেলায় মোট ১৮৮টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে কলেজ, উচ্চবিদ্যালয় ও মাদ্রাসায় শিক্ষা উপকরণ, ল্যাবরেটরি যন্ত্রপাতি ক্রয়ের জন্য সদর উপজেলায় ৮২টি শিক্ষা প্রতিষ্ঠানে ২২ লাখ ৩৫ হাজার, রায়পুরে ২৩টি শিক্ষা প্রতিষ্ঠানে ৫ লাখ ৯৫ হাজার, রামগঞ্জে ৪১টি শিক্ষা প্রতিষ্ঠানে ১০ লাখ ৭৫ হাজার এবং রামগতিতে ৪২টি শিক্ষা প্রতিষ্ঠানে ১১ লাখ ২০ হাজার টাকাসহ মোট ৫০ লাখ ২৫ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়।

(২)